

■■ কুরআন ও সহীহ হাদীসের আলোকে ব্যভিচার ও সমকামিতার ভয়াবহ পরিণতি

বিভাগ/অধ্যায়ঃ সমকামিতার চিকিৎসা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

২. রোগাক্রান্ত হওয়ার পর চিকিৎসা:

তাওহীদ বিরোধী উক্ত রোগে কেউ আক্রান্ত হলে তাকে সর্ব প্রথম এ কথা অবশ্যই বুঝতে হবে যে, সে উক্ত রোগে আক্রান্ত হয়েছে শুধু মূর্খতা এবং গাফিলতির দরুনই। অতএব, সর্ব প্রথম তাকে আল্লাহ তা'আলার তাওহীদ তথা একত্ববাদ, তাঁর সাধারণ নীতি ও নিদর্শন সম্পর্কে জ্ঞানার্জন করতে হবে। অতঃপর তাকে এমন কিছু প্রকাশ্য ও অপ্রকাশ্য ইবাদত করতে হবে যার দরুন সে উক্ত মত্ততা থেকে রক্ষা পেতে পারে। এরই পাশাপাশি সে আল্লাহ তা'আলার নিকট সবিনয়ে সর্বদা এ দো'আ করবে যে, আল্লাহ তা'আলা যেন তাকে উক্ত রোগ থেকে ত্বরিত মুক্তি দেন। বিশেষ করে সম্ভাবনাময় স্থান, সময় ও অবস্থায় দো'আ করবে। যেমন, আযান ও ইকামতের মধ্যবর্তী সময়, রাত্রের শেষ তৃতীয়াংশ, সাজদাহ এবং জুমু'আর দিনের শেষ বেলা ইত্যাদি ইত্যাদি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9581

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন